নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা
প্রবেশিকা পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৬

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

বর্ষ ৪৩ সংখ্যা ৪৪ | কলকাতা | বুধবার, ৩১ মে ২০২৩/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ১৬ জ্যৈষ্ঠ ১৪৩০ | দাম ৪.০০ টাকা | ৮ পাতা | R. N. 37120/80

পি এস সি-র মাধ্যমে
ডব্লু বি সি এস প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৬

## আই ডি বি আই ব্যাঙ্কে ১০৩৬ এক্সিকিউটিভ

এক্সিকিউটিভ পদে ১,০৩৬ জনকে নেবে আই ডি বি আই ব্যাঙ্ক। প্রাথমিক ভাবে নিয়োগ করা হবে ১ বছরের চুক্তিতে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ আরও ২ বছর বাড়ানো হতে পারে। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। ৩ বছরের চুক্তি শেষে ব্যাঙ্কের নির্দিষ্ট বাছাই প্রক্রিয়া অনুযায়ী প্রার্থীদের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (গ্রেড 'এ') পদে নিয়োগ করা হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/2023-24.

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৪৫১, তফসিলি জাতি ১৬০, তফসিলি উপজাতি ৬৭, ও বি সি ২৫৫, আর্থিক ভাবে অনগ্রসর ১০৩। এর মধ্যে দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ১৯টি, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ১১টি, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ১০টি এবং বৌদ্ধিক বা একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য ১০টি শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। উচ্চমাধ্যমিকে বা কলেজে কম্পিউটার অথবা ইনফর্মেশন টেকনোলজি অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। অথবা কম্পিউটার অপারেশনস বা ল্যাঙ্গুয়েজে সার্টিফিকেট বা ডিপ্লোমা বা ডিগ্রি কোর্স পাশ করে থাকতে হবে।

**বয়স:** ১-৫-২০২৩ তারিখে ২০ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** প্রথম বছরে নির্দিষ্ট মাসিক ২৯,০০০ টাকা, দ্বিতীয় বছরে নির্দিষ্ট মাসিক ৩১,০০০ টাকা এবং তৃতীয় বছরে নির্দিষ্ট মাসিক ৩৪,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২ জুলাই। পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে: লজিক্যাল রিজনিং, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৬০ নম্বর), ইংরেজি (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৪০ নম্বর) এবং জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস/কম্পিউটার/আই টি (৬০ নম্বর)। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: আসানসোল, দুর্গাপুর, বৃহত্তর কলকাতা, হুগলি, কল্যাণী ও শিলিগুড়ি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.idbibank.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ৭ জুন পর্যন্ত অনলাইন

*এরপর আটের পাতায়*

## ইসরোয় ৩০০ সায়েন্টিস্ট-ইঞ্জিনিয়ার

ইলেকট্রনিক্স, মেকানিক্যাল ও কম্পিউটার সায়েন্স শাখায় ৩০০ জন সায়েন্টিস্ট/ইঞ্জিনিয়ার নেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)। এটি কেন্দ্রের মহাকাশ দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থী বাছাই করবে ইসরো সেন্ট্রালাইজড রিক্রুটমেন্ট বোর্ড। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র রয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2023/Advt No. ISRO:ICRB:02(EMC):2023.

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: পোস্ট কোড BE001: ইলেকট্রনিক্স:** ৯০টি। এর মধ্যে ১১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর বা ৬.৮৪/১০ সি জি পি এ-সহ বি ই বা বি টেক বা সমতুল।

**পোস্ট কোড BE002: মেকানিক্যাল:** ১৬৩টি। এর মধ্যে ১০টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে

*এরপর তিনের পাতায়*

## ট্রপিক্যাল মেটিওরোলজিতে গবেষক

আই আই টি এম রিসার্চ অ্যাসোসিয়েট, আই আই টি এম রিসার্চ ফেলো এবং এম আর এফ পি রিসার্চ ফেলো পদে ৩৭ জনকে নেবে পুনের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ট্রপিক্যাল মেটিওরোলজি। চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PER/04/2023.

**শূন্যপদের বিবরণ: আই আই টি এম রিসার্চ অ্যাসোসিয়েট:** ১২টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪,

*এরপর দুয়ের পাতায়*

## পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ২৩৪

বিভিন্ন বিভাগে ২৩৪ জন অফিসার ও ম্যানেজার নেবে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক। নিয়োগ করা হবে ক্রেডিট, সাইবার সিকিউরিটি, ইকনমিক্স-সহ বিভিন্ন বিভাগে। অফিসার নিয়োগ হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ান এবং ম্যানেজার নিয়োগ হবে মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টুয়ে।

**বিভাগ অনুসারে শূন্যপদ: অফিসার (ক্রেডিট):** শূন্যপদ ২০০টি (সাধারণ ৭৮, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৬, ও বি সি ৫৪, আর্থিক ভাবে অনগ্রসর ২২)। এর মধ্যে ২টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ, দৃষ্টিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** সি এ বা সি এম এ (আই সি ডব্লু এ) বা সি এফ এ বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা বা এম বি এ বা সমতুল। সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে এক বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**অফিসার (ইন্ডাস্ট্রি):** শূন্যপদ ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল বা কেমিক্যাল বা সিভিল বা টেক্সটাইল বা মাইনিং বা মেটালার্জিতে বি ই বা বি টেক। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**অফিসার (সিভিল ইঞ্জিনিয়ার):** শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই

*এরপর তিনের পাতায়*

## ডি আর ডি ও-তে ১৭৭ সায়েন্টিস্ট 'বি'

সায়েন্টিস্ট 'বি' পদে ১৭৭ জনকে নেবে ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি আর ডি ও)। প্রার্থীদের নিয়োগ করা হবে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-সহ বিভিন্ন শাখায়। প্রার্থীকে গেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। প্রার্থী বাছাই করবে রিক্রুটমেন্ট অ্যান্ড অ্যাসেসমেন্ট সেন্টার (আর এ সি)। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 145.

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং:** ৪৯টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে গেট পরীক্ষায় ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ই সি) পত্রে পাশ করে থাকতে হবে।

**মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ৪৪টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৭, তফসিজি উপজাতি ৩, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। **শিক্ষাগত যোগ্যতা:**

*এরপর তিনের পাতায়*

## এম এস টি সি লিমিটেডে চাকরি

ম্যানেজমেন্ট ট্রেনি পদে ৪৬ জনকে নেবে এম এস টি সি লিমিটেড। এটি ইস্পাত মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে অপারেশনস এবং ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস শাখায়। প্রবেশন ১ বছরের। প্রবেশন শেষে নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2023.

**শূন্যপদের বিবরণ: অপারেশনস:** ১৫টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪,

*এরপর আটের পাতায়*

### কলকাতা, শিলিগুড়ি, আসানসোলে

## ভয়েস অ্যাডভাইজার নিচ্ছে রিলায়েন্স জিও

এ রাজ্যের কলকাতা, আসানসোল ও শিলিগুড়িতে কিছু অ্যাডভাইজার (ভয়েস, বাংলা) নেবে রিলায়েন্স জিও। নিয়োগ হবে কাস্টমার সার্ভিস বিভাগে। অন্তত উচ্চমাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা আবেদনের যোগ্য। বিপিও-তে অন্তত ৬ মাসের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **জব আই ডি:** কলকাতা-৭৫৩৮৫০৫৫, আসানসোল-৭৫৩৬০৯৪৬, শিলিগুড়ি-৭৫৩৬১৫৭৪।

**শিক্ষাগত যোগ্যতা অন্তত উচ্চমাধ্যমিক**

ফোনে গ্রাহক পরিষেবা দেওয়াই এই পদের মূল দায়িত্ব। বাংলা ভাষায় গ্রাহকের প্রশ্নের উত্তর দিতে হবে এবং গ্রাহকের সমস্যা সমাধানে সংস্থার নির্ধারিত নিয়মানুসারে পদক্ষেপ করতে হবে।

বাংলা বলায় সাবলীল হতে হবে। কাজ চালানোর মতো কম্পিউটার জানা দরকার।

আগ্রহীরা অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://

*এরপর দুয়ের পাতায়*

## বল্লভভাই প্যাটেল চেস্ট ইনস্টিটিউটে চাকরি

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, সিনিয়র অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার-সহ বিভিন্ন পদে ৬০ জনকে নেবে বল্লভভাই প্যাটেল চেস্ট ইনস্টিটিউট। এটি দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। যাঁরা বিজ্ঞপ্তি নম্বর: DAVP 17169/11/0018/2021 (নভেম্বর, ২০২০) অনুসারে দরখাস্ত করেছেন, তাঁদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই।

**শূন্যপদের বিবরণ: সিনিয়র অ্যাসিস্ট্যান্ট:** ৬টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ১,

*এরপর আটের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




## সৌরবিদ্যুৎ সামগ্রীর ব্যবহার পথ দেখাচ্ছে উপার্জনের

**বিকল্প বিদ্যুৎশক্তির সন্ধান করছে গোটা বিশ্ব। সম্প্রতি জার্মানি তাদের পারমাণবিক চুল্লিগুলি বন্ধ করে দিয়েছে, জীবাশ্ম জ্বালানির ব্যবহারও কমিয়ে আনছে। একই পথ নিয়েছে ভারত-সহ অন্য দেশগুলিও। ভারতে বিকল্প শক্তি হিসেবে জনপ্রিয় হয়ে উঠছে সৌরবিদ্যুৎ। প্রশিক্ষণ নিয়ে সৌরশক্তির প্যানেল ও সরঞ্জামের ব্যবসায় লাভের সুযোগ অনেকটাই।**



**নিজস্ব প্রতিনিধি:** পরিবেশ এবং পৃথিবীর কমে আসা খনিজ সঞ্চয়ের কথা ভেবে আগামী দিনে মানুষকে বিকল্প শক্তির ব্যবহার বাড়াতেই হবে। বর্তমানে সৌরশক্তিকে কাজে লাগিয়ে বিদ্যুৎ তৈরি হচ্ছে গোটা পৃথিবীতে। আমাদের দেশও পিছিয়ে নেই। বিকল্প বিদ্যুৎশক্তির ব্যবহার বাড়াতে সরকার নানা ভাবে ভর্তুকি দিচ্ছে। একে কেন্দ্র করে কর্মসংস্থানও বাড়ছে।

আমাদের রাজ্যে সৌরবিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে কাজ করছে বেসরকারি সংস্থা, ভারতরেজ সলিউশনস প্রাইভেট লিমিটেড। এই সংস্থার আগে নাম ছিল সানি রে সলিউশন। সংস্থার কর্ণধার, সঙ্গীতা সেন, পেশায় ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার। ১৪ বছর চাকরি করার পর সৌরবিদ্যুৎ সামগ্রী উৎপাদনের ব্যবসা শুরু করেন।

*এরপর তিনের পাতায়*

